

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**  
**৩৭/এ দিলকুশা বা/এ**  
**ঢাকা-১০০০।**

এস, আর, ও নং -----/২০২১।- বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এবং ধারা ৮২ ও ৮৩ এর সত্ত্বেও পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (লাইফ বীমাকারীর উদ্ভৃত বন্টন) প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।-** (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়:-

- (ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২ (১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;
- (গ) “অংশীদারিত পলিসি গ্রাহক” অর্থ আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত ‘অংশীদারিত পলিসি’-এর গ্রাহক;
- (ঘ) “অ-অংশীদারিত পলিসি গ্রাহক” অর্থ আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত ‘অংশীদারিত পলিসি’ ব্যৱৃত্ত অন্যান্য পলিসির গ্রাহক; এবং
- (ঙ) “লাইফ ফান্ড” অর্থ আইনের ধারা ৮২ অনুযায়ী গঠিত ফান্ড।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

**৩। লাইফ ফান্ড।-**

- (১) আইনের ধারা ৮ অনুসারে নির্বন্ধিত একজন লাইফ বীমাকারী তার প্রতিষ্ঠানে অংশীদারিত (participating) ও অ-অংশীদারিত (non-participating) পলিসি গ্রাহকগণের জন্য বাধ্যতামূলকভাবে পৃথক “লাইফ ফান্ড” পরিচালনা করিবে।
- (২) উপ-প্রবিধান (১) এর শর্তাদি পরিপালনে ব্যর্থ হইলে, বীমাকারী কর্তৃক সংরক্ষিত লাইফ ফান্ড কেবল অংশীদারিত পলিসি গ্রাহকগণের পলিসি বোনাস খাতে ব্যবহার করা যাইবে।
- (৩) জীবন বীমা কর্পোরেশনের ক্ষেত্রে বীমা কর্পোরেশন আইন, ২০১৯ (২০১৯ সনের ৮নং আইন) প্রযোজ্য হইবে।

**৪। উদ্ভৃত বন্টনের পক্ষতি।-** দায়মূল্যায়নের জন্য কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হার প্রয়োগের ভিত্তিতে সম্পাদিত দায়মূল্যায়নের প্রতিবেদন একচুয়ারি কর্তৃক প্রদত্ত সুপারিশ বিবেচনায় নিয়ে বীমা আইন, ২০১০ এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা মোতাবেক উদ্ভৃত অর্থ ইহার শেয়ারহোল্ডারগণ এবং পলিসিহোল্ডারগণকে বন্টন বা সংরক্ষণ করিতে পারিবে; যাহা-

(ক) শেয়ারহোল্ডারগণের ক্ষেত্রে-

- (অ) অংশীদারিত (participating) পলিসিসমূহের উদ্ভিদের অনুর্ধ্ব দশ শতাংশ; এবং  
(আ) অ-অংশীদারিত (non-participating) পলিসিসমূহের উদ্ভিদের একশত  
শতাংশ।

(খ) বীমা প্রযোজনগণের ক্ষেত্রে-

- (অ) অংশীদারিত (participating) পলিসিসমূহের উদ্ভিদের অন্যন নবাই শতাংশ;  
এবং  
(আ) অ-অংশীদারিত (non-participating) পলিসিসমূহের উদ্ভিদের শূন্য শতাংশ।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ